

বাগাতিপাড়া উপজেলার নভেম্বর/২১ মাসে সন্ত্রাস নাশকতা ও জঙ্গীবাদ প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : প্রিয়াংকা দেবী পাল, উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর।

স্থান : 'বড়াল' সভাকক্ষ, বাগাতিপাড়া।

তারিখ : ০৮.১১.২০২১ খ্রিঃ।

সময় : বেলা ১১.০০ মিঃ।

উপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি উপজেলা সন্ত্রাস নাশকতা ও জঙ্গীবাদ প্রতিরোধ কমিটির সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানান। সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি উপস্থিত সদস্যদের দৃষ্টি আকর্ষণ পূর্বক উপজেলাধীন এলাকায় নাশকতা সংক্রান্ত তথ্য জানতে চাইলে উপস্থিত সদস্যগণ জানান যে, বাগাতিপাড়া উপজেলায় সন্ত্রাস নাশকতা ও জঙ্গীবাদ সংক্রান্ত কোন কর্মকান্ড পরিলক্ষিত হয়নি। উপজেলার কোথাও রাতে সন্ত্রাস ও নাশকতা সংক্রান্ত কার্যক্রম না ঘটে সে বিষয়ে সভাপতি সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক	সভায় সভাপতি বলেন দেশের প্রচলিত আইনে জঙ্গিবাদ ও সন্ত্রাসী কর্মকান্ড প্রতিরোধে সরকার বন্ধপরিষ্কার। ইবাদতের জায়গা মসজিদে যেন কোন রাজনৈতিক কর্মকান্ড বা বিশৃংখলা ঘটতে না পারে সে দিকে লক্ষ্য রাখার জন্য অনুরোধ জানান। আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে জঙ্গিবাদ ও সন্ত্রাসীগোষ্ঠী যেন কোন রকম অপতৎপরতা চালাতে না পারে সে ব্যাপারে সকলের প্রতি আহবান জানান।	এ বিষয়ে মসজিদের ইমামগণ ও ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড সুপারভাইজার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন এবং আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে জঙ্গিবাদ ও সন্ত্রাসীগোষ্ঠী যেন কোন রকম অপতৎপরতার বিষয়ে আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী দৃষ্টি রাখবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।	মসজিদের ইমাম ও ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন এবং অফিসার ইনচার্জ বাগাতিপাড়া মডেল থানা]
খ	আযান, খুত্বা ও মৃত্যু সংবাদ, ধর্মীয় বিষয় ছাড়া অন্য কিছু মসজিদের মাইক থেকে প্রচার করা যাবে না। অনেক সময় মসজিদের মাইক আইন-শৃংখলা পরিপন্থী কাজে ব্যবহৃত হওয়ায় জানমালের ক্ষতি হওয়ার সমূহ আশংকা থাকে।	মসজিদের মাইকে আযান, খুত্বা, ধর্মীয় বিষয় ও মৃত্যু সংবাদ ব্যতীত অন্য কিছু প্রচার করা না হয় বিষয়টি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	মসজিদ কমিটি/ সভাপতি/সম্পাদক ইমামগণ ও ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন
গ	ইউনিয়ন পর্যায়ে সন্ত্রাস নাশকতা ও জঙ্গীবাদ প্রতিরোধ কমিটি প্রতিমাসে সভা করে সংশ্লিষ্ট সকলকে সচেতন ও সজাগ থাকতে পরামর্শ দেয়ার জন্য সভায় আলোচনা হয়।	সকল ইউপি চেয়ারম্যান প্রতিমাসে সভা করে সভার কার্যবিবরণী অত্রাফিসে প্রেরণ করবেন।	ইউপি চেয়ারম্যান (সকল)
ঘ	বাগাতিপাড়া উপজেলার গুরুত্বপূর্ণ স্পর্শকাতর স্থান ও স্থাপনা চিহ্নিত করে ঐ সব এলাকায় বাড়তি নজরদারি বাড়ানোর জন্য সভায় আলোচনা করা হয়। বাগাতিপাড়া রেল স্টেশন, রেল লাইন, উপজেলা পরিষদ চত্বর এলাকা, উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন এলাকায় বাড়তি নিরাপত্তা জোরদারের বিষয়েও আলোচনা করা হয়।	সন্ত্রাসী ও নাশকতামূলক কর্মকান্ড পরিলক্ষিত হলে তা কেউ চেষ্টা করলে পুলিশের পাশাপাশি সংশ্লিষ্ট সকলকে তা প্রতিহত করতে হবে। গুরুত্বপূর্ণ স্থান গুলোতে ঘন ঘন পুলিশী টহলের মাধ্যমে নিরাপত্তা জোরদার করতে হবে	অফিসার ইনচার্জ বাগাতিপাড়া মডেল থানা এবং সংশ্লিষ্ট সকল

বিবিধ : আলোচনান্তে আইন-শৃংখলা পরিস্থিতি ভাল রাখার জন্য নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহিত হলো :-

- (১) মসজিদ বা বাড়ীতে কোন প্রকার গোপন সভা করা যাবে না। এই সব গোপন সভায় আইএস জঙ্গী সংগঠন যুক্ত থাকার সম্ভাবনা থাকে কোথাও যদি গোপন সভা অনুষ্ঠিত হয় সংগে সংগে প্রশাসনে খবর দেওয়ার জন্য অনুরোধ করা হলো।
- (২) এলাকায় কেউ দীর্ঘদিন অনুপস্থিত থাকে বা সন্দেহজনক আশুভক বিষয়ে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীকে জানানোর জন্য অনুরোধ করা হলো।
- (৩) সন্ত্রাস নাশকতা ও জঙ্গীবাদ বিরোধী প্রচার কার্যক্রম জোরদার করতে হবে।
- (৪) সকল মসজিদ ও ধর্মীয় উপাসনালয়ে সন্ত্রাস নাশকতা ও জঙ্গীবাদ বিরোধী প্রচার কার্যক্রম চালানো অব্যাহত থাকবে।
- (৫) সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার এবং অসাম্প্রদায়িক চেতনায় ঐক্যবদ্ধ হয়ে কাজ করা।
- (৬) প্রতিপাড়ায় বা মহল্লার কেহ জীবিকার সন্ধানে অন্যত্র কাজে গিয়েছে বা লেখাপড়া উদ্দেশ্যে বাহিরে বা অজ্ঞাত কারণে বাহিরে অবস্থান করছেন তাদের বিষয়ে কোন সন্দেহ হলে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীকে জানানো।

সভাপতি উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে কোন মূল্যে সন্ত্রাস নাশকতা ও জঙ্গীবাদ কার্যকলাপ প্রতিহত করতে হবে। সরকারী সম্পত্তিসহ জনগণ এবং আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর জানমালের ক্ষতির আশংকা সম্বলিত যে কোন সংবাদ পাওয়া মাত্র তা আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীকে জানানোর জন্য অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(শ্রিয়াংকা দেবী পাল)

উপজেলা নির্বাহী অফিসার

বাগাতিপাড়া, নাটোর

দুরালাপনী- ০২৫৮৮৮-৭৫০০১

ই-মেইল: unobagatipara@mopa.gov.bd



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগাতিপাড়া, নাটোর।
www.bagatipara.natore.gov.bd

স্মারক নং-ঃ ০৫.৪৩.৬৯০৯.০০০.১২.০২৭.২০.৭০০/১

তারিখঃ ২৩ কার্তিক, ১৪২৮
০৮ নভেম্বর, ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- (১) জনাব মোঃ শহিদুল ইসলাম বকুল, মাননীয় সংসদ সদস্য, ৫৮-নাটোর-১ (লালপুর-বাগাতিপাড়া)।
- (২) জেলা প্রশাসক, নাটোর।
- (৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর।
- (৪) অফিসার ইনচার্জ, বাগাতিপাড়া মডেল থানা।
- (৫)


(শ্রিয়াংকা দেবী পাল)

উপজেলা নির্বাহী অফিসার

বাগাতিপাড়া, নাটোর

দুরালাপনী : ০২৫৮৮৮-৭৫০০১

ই-মেইল- unobagatipara@mopa.gov.bd